

22

এস, এস, সি পরীক্ষার কেন্দ্র
পরিবর্তন চাই

কিশোরগঞ্জের কটিয়াদী উপজেলার করগাও ইউনিয়ন হাই স্কুলটি উপজেলা সদর হতে ১২।১৪ মাইল পূর্বপ্রান্তে অবস্থিত। অথচ নিকলী উপজেলা সদর ২ মাইলও হবে না।

বর্তমানে সরকারী ঘোষণা অনুযায়ী নিজ উপজেলা সদরে এস, এস, সি পরীক্ষা কেন্দ্র রাখতে হবে। এই ঘোষণা অনুযায়ী আমাদের ছেলেমেয়েদের জন্য বিশেষ করে রোদারপুড়া, ধরীপুর কামালপুর, সাহাপুর, ইত্যাদি এলাকার ছাত্র-ছাত্রীদের ২০।২২ মাইল দূরে কটিয়াদী উপজেলা সদরে গিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। অথচ এই স্কুলের প্রতিটি ছাত্র-ছাত্রীই যদি নিকটবর্তী নিকলী উপজেলা কেন্দ্রে পরীক্ষা দেয় তবে তাদের ২।৩ মাইলের বেশী দূরত্ব অতিক্রম করতে হবে না এবং নিজ বাড়ী থেকেই গিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাছাড়া কটিয়াদী-উপজেলা সদরে এই এলাকার যোগাযোগ ব্যবস্থা আদৌ ভাল নয় বিধায় যাওয়া আসা খুবই কষ্টকর। এই এলাকার গ্রামীণ স্কুলের শতকরা ৯০ ভাগ ছাত্র-ছাত্রীর অভিভাবকগণই গরীব, দিনমজুর বা খন্দে কাবসায়ী। তাদের পক্ষে কটিয়াদী উপজেলা সদরে গিয়ে ঘর ভাড়া সহ পাকা-খাওয়া খরচ যাবৎ কম করে হলেও এক হাজার টাকা খরচ করা অত্যন্ত কষ্টকর ব্যাপার। পক্ষান্তরে নিকটবর্তী উপজেলা নিকলীতে পরীক্ষা কেন্দ্র স্থানান্তরিত হলে তাদের নিজ বাড়ী থেকে যথাসময়ে উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে কোন খরচের প্রশ্নই উঠে না।

মহামান্য সরকার বাহাদুর, গ্রামের নিরীহ গরীব অভিভাবকদের আর্থিক দিক বিবেচনা করে এস, এস, সি পরীক্ষার কেন্দ্রগুলো উপজেলা সদরে স্থানান্তরিত করছেন। সেখানে ছাত্র-ছাত্রীসহ তাদের গরীব অভিভাবকদের আর্থিক কষ্টের কথা বিবেচনা না করার প্রশ্নই উঠে না।

তাই শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সমীপে আকুল আবেদন আমাদের করগাও ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের আদায় এস, এস, সি পরীক্ষা কেন্দ্রটি কটিয়াদী উপজেলা সদর কেন্দ্র থেকে স্থানান্তরিত করে নিকটবর্তী উপজেলা সদর নিকলী